

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১, কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা।
www.dncrp.gov.bd

নম্বর: ২৬.০৪.০০০০.১০৮.৩৩.১৫৯.১৮.৮৭০

তারিখ: ৩০ অক্টোবর ২০১৯

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয় থেকে ওয়েবসাইট (www.dncrp.gov.bd) এর নোটিশ বোর্ড এবং বিভিন্ন সেবা বক্সে গুরুত্বপূর্ণ পত্র, নোটিশ আপলোড করা হলেও অধিদপ্তরের বিভাগ ও জেলা কার্যালয়সমূহের কর্মকর্তা ও কর্মচারীগণ যথাযথভাবে তা নিয়মিত ভিজিট করেন না। এ কারণে অনেক গুরুত্বপূর্ণ নির্দেশনা নির্ধারিত সময়ে বাস্তবায়িত হচ্ছে না মর্মে প্রতীয়মান হচ্ছে।

অধিকন্তু অধিদপ্তরের কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দকৃত ডোমেইন ই-মেইল নিয়মিত চেক না করার ফলে প্রেরিত পত্র যথাসময়ে গ্রহণ না করায় দাপ্তরিক কাজও সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে না।

এমতাবস্থায়, অধিদপ্তরের সকল কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীগণকে অধিদপ্তরের ওয়েবসাইট (www.dncrp.gov.bd) নিয়মিত ভিজিট এবং সকল কার্যালয়ের কর্মকর্তাগণের অনুকূলে বরাদ্দকৃত ডোমেইন ই-মেইল নিয়মিত লগইন করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(শামীম আল মামুন)

পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন: ৮১৮৯০৮৫

ই-মেইল: dir-admin@dncrp.gov.bd

নম্বর- ২৬.০৪.০০০০.১০৮.৩৩.১৫৯.১৮.৮৭০/১(১৭০)

তারিখ: ৩০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ৩। উপপরিচালক (সকল), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫। সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়/ জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ৬। পরীক্ষক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৭। জনাব -----, ব্যক্তিগত সহকারী/ডাটা এন্ট্রি অপারেটর/গবেষণাগার সহকারী/সহকারী হিসাবরক্ষক/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/অভিযোগ গ্রহণকারী/ ক্যামেরাম্যান/গাঢ়ীচালক/নমুনা সংগ্রহকারী/অফিস সহায়ক, -----কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, -----।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস কপি।



(আতিয়া শুলতানা)

সহকারী পরিচালক (প্রশাসন)